

প্রিয় মহোদয়,

আসসালামু আলাইকুম।

‘মেশিন রিডেবল পাসপোর্ট’ বা এমআরপি রি-ইস্যুর জন্য যা যা লাগবেঃ

- ১। আপনার বর্তমান পাসপোর্টের স্ক্যান কপি;
- ২। পূরণকৃত এমআরপি রি-ইস্যু আবেদন ফর্ম (দেখুন সংযুক্ত);
- ৩। আপনার রেসিডেন্সিয়াল পারমিট বা ভিসা (প্রযোজ্য ক্ষেত্রে);
- ৪। ছাত্র হলে স্টুডেন্ট আইডি;
- ৫। পাসপোর্ট হারিয়ে গেলে পুলিশ রিপোর্ট। পুলিশ রিপোর্ট ইংরেজী ছাড়া অন্য ভাষায় হলে তার অনুমোদিত ইংরেজী অনুবাদ।

পরবর্তীতেঃ

৬। এমআরপি রি-ইস্যুর সরকারি ফি জমার রসিদ।

প্রথমে ১ থেকে ৫ সিরিয়ালের কাগজগুলো (যেগুলো আপনার পক্ষে দেওয়া সম্ভব) ইমেইলে আমাদেরকে পাঠিয়ে দিন।

প্রাথমিক কাগজগুলো শেষ করার পর আমরা আপনাকে ব্যাংকে এমআরপি রি-ইস্যুর সরকারি ফি-এর টাকা জমা দিতে বলবো (ফোনে অথবা ইমেইলে)।

ফি-এর টাকা জমা দেওয়া হলে টাকা জমার রিসিট বা ‘প্লুফ অব পেইমেন্ট’ আমাদের ইমেইলে পাঠিয়ে দেবেন। আপনি যদি ওয়ারশ থেকে দূরে কোথাও থাকেন, তাহলে ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে টাকা জমা দিতে পারবেন।

ফি-এর টাকা দূতাবাসের একাউন্টে জমা হলে আপনার পাসপোর্ট রি-ইস্যুর কাজ শুরু হবে। অনলাইনে আপনার আবেদন আমরা ঢাকাস্থ পাসপোর্ট অধিদপ্তরে পাঠিয়ে দেব। পাসপোর্ট ঢাকা থেকে প্রিন্ট হয়ে কুরিয়ার যোগে দূতাবাসে এসে পৌঁছাবে। এতে ২/৩ সপ্তাহ বা ক্ষেত্র বিশেষে আরো বেশী দেরি হতে পারে। আপনার কাজটি যথাদ্রুত সম্ভব করার জন্য সার্বিক প্রচেষ্টা নেওয়া হবে।

দূতাবাসে পাসপোর্ট এলে আমরা আপনাকে ফোনে (পোল্যান্ডের বাইরে হলে ইমেইলে) জানাবো। তখন আপনি নিজে এসে বা কোন অথোরাইজড ব্যক্তিকে পাঠিয়ে নতুন পাসপোর্ট সংগ্রহ করতে পারবেন। অন্য কেউ আপনার পাসপোর্ট সংগ্রহ করতে এলে তাঁকে আপনার স্বাক্ষরিত ‘লেটার অব অথোরাইজেশন’ নিয়ে আসতে হবে। এজন্য আপনার পুরাতন পাসপোর্টটি দূতাবাসে নিয়ে আসতে হবে। চাইলে কুরিয়ার যোগেও আপনার পুরাতন পাসপোর্ট দূতাবাসে পাঠাতে এবং নতুন পাসপোর্ট সংগ্রহ করতে পারবেন। তবে সেক্ষেত্রে সকল ব্যবস্থা আপনাকে করতে হবে এবং ডাক মাশুল আপনাকে বহন করতে হবে। সমস্ত দায়-দায়িত্বও আপনার থাকবে। আপনি নিশ্চই বুঝবেন যে পাসপোর্টের মত একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ডকুমেন্ট সম্ভব হলে নিজে এসে সংগ্রহ করাই সর্বোত্তম।

আপনার বর্তমান ঠিকানা এবং মোবাইল নম্বরটি দয়া করে পাঠাবেন। আমাদের ইমেইলঃ

mission.warsaw@mofa.gov.bd &

hoc.warsaw@mofa.gov.bd.

কনস্যুলার ফি চার্টটি সাথে সংযুক্ত করা হলো। দূতাবাসের কাছ থেকে বার্তা পাবার আগে ব্যাংকে ফি জমা দেবেন না। কোন বিষয় স্পষ্টীকরণের প্রয়োজনে দূতাবাসে ফোন করুন।

আপনাদের সেবায়,

বাংলাদেশ দূতাবাস

ওয়ারশ, পোল্যান্ড



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর

রিইস্যু/তথ্য পরিবর্তন/সংশোধন আবেদন ফরম

Reissue/Information Alteration/Correction Application Form

ফরমটি পাসপোর্টের মেয়াদ উত্তীর্ণ, তথ্য পরিবর্তন/মুদ্রণজনিত ভুল সংশোধন সংক্রান্ত বিষয়ে ব্যবহৃত হবে।

This form will be used to reissue, to change the information/rectify the printing errors of passport.

- নির্দেশনা : ফরমটি ইংরেজিতে (CAPITAL LETTER'S) পূরণ করুন এবং অনুগ্রহপূর্বক আপনার আবেদনের সাথে উপযুক্ত প্রমাণাদি সংযুক্ত করুন।

Instruction : Please fill up the form in English (CAPITAL LETTER'S) and attach relevant documents in favour of your application.

বিভাগীয়/ আঞ্চলিক পাসপোর্ট অফিস/মিশনের নাম Name of Divisional/Regional Passport Office/Mission	পাসপোর্ট বিতরণের প্রকৃতি Type of delivery
<input type="text"/>	<input type="checkbox"/> সাধারণ Regular <input type="checkbox"/> জরুরি Express

আবেদনকারীর নাম (বাংলায়) Name of Applicant (In Bangla)	
আবেদনকারীর নাম (ইংরেজিতে) Name of Applicant (in English)	

ফি প্রদান সংক্রান্ত তথ্য Payment of Fees
■ ফি'র পরিমাণ (৳/USD) Amount of Fee (৳/USD) <input type="text"/>
■ ব্যাংক/মিশনের নাম Bank/Mission <input type="text"/>
■ শাখা Branch <input type="text"/>
■ রশিদ নং Receipt No. <input type="text"/>
■ তারিখ Date <input type="text"/>

গৃহীত পাসপোর্টের তথ্য Received Passport's Details	
পাসপোর্ট নম্বর Passport No. <input type="text"/>	ইস্যুর স্থান Place of Issue <input type="text"/>
মেয়াদ উত্তীর্ণের তারিখ Date of Expiry <input type="text"/>	ইস্যুর তারিখ Date of Issue <input type="text"/>

চাহিত সংশোধন Expected Correction

পাসপোর্টে বর্তমানে প্রদর্শিত তথ্য Information on existing passport	প্রত্যাশিত পরিবর্তন/সংশোধন Expected Change/Correction

তারিখ
Date

আবেদনকারীর/অভিভাবকের (আবেদনকারী অপ্রাপ্তবয়স্ক হলে) স্বাক্ষর
Applicant's/Guardian's (if the applicant is a minor) Signature